

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
মেডিকেল -১ শাখা  
www.moha.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.২৫৪.১১.০০০১.২৬.৬০

তারিখ: ২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
১৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক জারিকৃত ২৭/০৪/২০২২ খ্রি. তারিখের ১৯ নং নিয়োগ বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় অনুষ্ঠিত নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ০৭/১০/২০২৫ খ্রি. তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়), ১১.২৭৯৫.২০২৫-২২২ নং পত্রের সুপারিশক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের (সাবেক জননিরাপত্তা বিভাগ) অধীন বাংলাদেশ পুলিশ হাসপাতালসমূহের 'সিনিয়র স্টাফ নার্স' (১০ম গ্রেড)-এ সরাসরি নিয়োগের মাধ্যমে শূন্যপদ পূরণের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড) বেতনক্রমে অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে 'সিনিয়র স্টাফ নার্স' পদে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম	মেধাক্রম	নাম ও রেজিস্ট্রেশন নম্বর	স্থায়ী ঠিকানা
১	১২৪	হাবিবা আক্তার রেজিঃ নং-৫০০১৬৮	পিতাঃ বাবুল মিয়া মাতাঃ তাছলিমা বেগম গ্রামঃ মঞ্জলহাটা ডাকঘরঃ শোলনা (৮২০০) থানা/উপজেলাঃ বরিশাল সদর জেলাঃ বরিশাল

শর্তাবলি:

(ক) যোগদানের তারিখ হতে বিধিমোতাবেক প্রার্থীগণ ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে নিযুক্ত থাকবেন। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকুরি থেকে অপসারণ করা যাবে;

(খ) তাকে সরকার কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামিনদারসহ তাকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরি থেকে ইস্তফা দেন তবে প্রশিক্ষণ কালে তাকে প্রদত্ত বেতন, আনুতোষিক এবং তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন;

(ঘ) শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপনান্তে চাকুরিতে নিয়োগের তারিখ হতে স্থায়ী করা হবে;

(ঙ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তার চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(চ) চাকুরিতে নিয়োজিত থাকাকালে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকুরির জন্য আবেদন করা বা কোনো শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করা যাবে না;

(ছ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় এ মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(জ) যোগদানের জন্য কোনো প্রকার ভ্রমণভাতা বা দৈনিকভাতা প্রদান করা হবে না।

২. উল্লিখিত শর্তাবলি গ্রহণযোগ্য হলে তাকে ১৬-০৪-২০২৬ খ্রি. তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সশরীরে উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখে যোগদান না করলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৩. জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



১৫-০৪-২০২৬

বিকাশ বিশ্বাস

উপসচিব

ফোন : +৮৮০২২২৩৩৫৪০৫০

ইমেইল : medical1@moha.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.২৫৪.১১.০০০১.২৬.৬০/১(১৩)

তারিখ: ২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
১৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪। সচিব, অর্থ বিভাগ।
- ৫। ইন্সপেক্টর জেনারেল, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৬। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন।
- ৭। অতিরিক্ত সচিব, ..... (সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৯। উপপরিচালক (উপসচিব), ফরমস ও প্রকাশনা অধিদপ্তর ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ১১। সিস্টেম এনালিস্ট-১, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং
- ১৩। জনাব, .....



১৫-০৪-২০২৬

বিকাশ বিশ্বাস

উপসচিব